



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ২১.০৯.২০১৭ খ্রি:

## বরিশাল বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার আবেদন শুরু ২৪ সেপ্টেম্বর

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার জন্য অনলাইনে আবেদন শুরু হচ্ছে ২৪ সেপ্টেম্বর ২০১৭ রবিবার দুপুর ২ টা হতে। চলবে ২৪ অক্টোবর ২০১৭ মঙ্গলবার রাত ১২ টা পর্যন্ত। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আগ্রহী শিক্ষার্থীরা অনলাইনে “[admission.eis.bu.ac.bd](http://admission.eis.bu.ac.bd)” এই ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে পারবেন। ভর্তি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি উপরোক্ত ওয়েবসাইট ছাড়াও “[barisaluniv.ac.bd](http://barisaluniv.ac.bd) এবং [barisaluniv.edu.bd](http://barisaluniv.edu.bd)” তে পাওয়া যাবে। ২০১৭-১৮ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ২৪ ও ২৫ নভেম্বর। উল্লেখ্য বরিশাল বিশ্ববিদ্যালয়ে ৬টি অনুষদের অধীন ২০টি বিভাগের পাশাপাশি চলতি ২০১৭-১৮ শিক্ষাবর্ষ হতে নতুন আরও ২টি বিভাগ সংযোজিত হয়েছে, যার একটি ‘গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ’ এবং অন্যটি ‘বায়োকেমেস্ট্রি ও বায়োটেকনোলজি বিভাগ’।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি  
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)  
জনসংযোগ অফিস